

কালাই মহিলা ডিগ্রি কলেজ
**শিক্ষার্থীদের নম্বর কম দেয়ার
ভয় দেখিয়ে অর্থ আদায়**

কালাই (জয়পুরহাট) প্রতিনিধি

কালাইয়ে ২০১৫ সালের এইচএসসি ব্যবহারিক পরীক্ষায় কালাই মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ ও কেন্দ্র সচিব নাজিম উদ্দিন এবং উপাধ্যক্ষ আবদুল আজিজ ভেতরের ও বাইরের শিক্ষকদের সহায়তায় তার কলেজ কেন্দ্রে অংশ নেয়া ১৬৩ পরীক্ষার্থীদের নম্বর কম দেয়ার ভয়ভীতি দেখিয়ে অসুত ৩ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন বলে অভিযোগ উঠেছে। জানা গেছে, এবার কালাই মহিলা ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে এইচএসসি পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও বাণিজ্যিক বিভাগ থেকে কালাই ডিগ্রি কলেজ ও নান্দাইল দীঘি কলেজের মোট ১৬৩ পরীক্ষার্থী অংশগ্রহণ করে। কিন্তু ওই কলেজ কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা চলাকালে স্ব-স্ব বিষয়ের অভ্যন্তরীণ ও বাইরের শিক্ষকরা পরীক্ষার্থীর কাছ থেকে প্রতি বিষয়ে ৪০০ টাকা করে আদায় করেন। কোনো পরীক্ষার্থী টাকা দিতে না চাইলে তাকে নম্বর কম দেয়ার এমনকি ফেল করিয়ে দেয়ারও ভয়ভীতি দেখানো হয়। শিক্ষকদের দাবিকৃত টাকা দিতে বাধ্য হয়েছেন বলে অভিযোগ করেছেন কলেজের পরীক্ষার্থী। কলেজের উপাধ্যক্ষ আবদুল আজিজ অভিযোগ অস্বীকার করে বলেন, ব্যবহারিক পরীক্ষায় যা কিছু করা হয়েছে, নীতিমালা অনুসারেই করা হয়েছে। কলেজের অধ্যক্ষ নাজিম উদ্দিনের কার্যালয়ে গিয়ে তার দেখা না পেয়ে তার ব্যবহৃত মুঠোফোনে বারবার যোগাযোগ করেও তার সাড়া না পাওয়ায় বক্তব্য নেয়া সচিব হয়নি।